



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬-১৭৬

তারিখ : ০৫/০৩/২০২৩ খ্রি.


### অফিস আদেশ

সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব জোৎস্না রানী বিশ্বাস (আইডি-২২৫৫৯) অবসরজনিত কারণে ৩১-০১-২০২৩ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের কৃষিশিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আঃ খাঃ মহিউদ্দিন (আইডি-২৩১৪৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। অপরদিকে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মির্জা গোলাম ফারুক (২৩১৪৪) নিজেকে কলেজের জ্যেষ্ঠ শিক্ষক দাবী করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। এ অবস্থায় বর্ণিত ০২ জন শিক্ষক-কে (জনাব আঃ খাঃ মহিউদ্দিন ও জনাব মির্জা গোলাম ফারুক) জ্যেষ্ঠতার স্বপক্ষে প্রমাণিক সকল তথ্য উপস্থাপনের জন্য অধিদপ্তরের ১৬-০২-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬-১২৯ স্মারকাদেশ মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে ২২-০২-২০২৩ তারিখে জ্যেষ্ঠতার স্বপক্ষে তথ্যাদি উপস্থাপন করেন। বর্ণিত ০২ (দুই) জন শিক্ষক জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০ অনুযায়ী আত্মীকৃত এবং ০২ জন শিক্ষকের-ই নিয়মিতকরণ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আত্মীকৃত শিক্ষকদের পারস্পারিক জ্যেষ্ঠতার বিষয়ে উক্ত বিধি মালার ০৭ এর (২)-এ উল্লেখ রয়েছে যে, 'এডহক নিয়োগ নিয়মিত হওয়ার পর আত্মীকৃত শিক্ষকগণের পারস্পারিক জ্যেষ্ঠতা তাহাদের স্ব-স্ব কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নিধারণ করিতে হইবে এবং সমান কার্যকর চাকুরীকালের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত মানদণ্ড (criteria) অনুসরণক্রমে উক্ত জ্যেষ্ঠতা নির্ধারণ করা হইবে।'

এমতাবস্থায়, উপস্থাপিত তথ্যাদি এবং জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০ আলোকে জ্যেষ্ঠ শিক্ষক বিবেচনায় কৃষিশিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আঃ খাঃ মহিউদ্দিন (আইডি-২৩১৪৩)-কে নিয়ে উল্লিখিত শর্ত মোতাবেক ৩১-০১-২০২৩ তারিখ হতে সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

- ১। পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
০৫.০৩.২০২৩

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন নং- ৪১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) জনাব আঃ খাঃ মহিউদ্দিন (আইডি-২৩১৪৩), সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর;
- ৫) জনাব মির্জা গোলাম ফারুক (২৩১৪৪), সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর;
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৮) সংরক্ষণ নথি।



(মোঃ তানজীর হাসান-১৮৩৮৯)

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন নং- ৪১০৫০৬২৪